১

# প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট

৬৬/এ কদমতলা, সবুজবাগ, ঢাকা

## ২০১০-২০১১ অর্থ বর্ষের বার্ষিক সাধারণ সভা

**তারিখ ঃ ২৯শে জুলাই, ২০১১ইং, সকাল ১০:০০ ঘটিকায়**

স্থান : কারিতাস সেন্টার, শান্তিবাগ, ঢাকা

## বার্ষিক প্রতিবেদন

অদ্যকার সভায় উপস্থিত সকল সম্মানিত অথর, ট্রাস্টি ও অতিথিবৃন্দকে স্বাগতম ও শুভেচ্ছা জানাচ্ছি । বিগত ২২-০৪-২০১০ ইং তারিখে ১৪ জন অথর ও ১৩ জন ট্রাস্টি নিয়ে ট্রাস্ট নিবন্ধন হওয়ার পর থেকে এই পর্যন্ত আরও ১১ জন নুতন ট্রাস্টি যোগদান করার পর বর্তমানে মোট অথর ও ট্রাস্টির সংখ্যা ৩৮ জন । নুতন ট্রাস্টিদের কে প্রান্তিক ট্রাস্ট পরিবারে স্বাগত জানাচ্ছি । নুতন সম্মানিত ট্রাস্টিরা হচেছন ;

1. Mr. Suhrid Kumar Barua, FCA
2. Dr. Sunayan Barua
3. Dr. Dibakar Barua
4. Prof. Saroj Kumar Barua
5. Mr. Uttam Kumar Barua
6. Mr. Chandan Barua
7. Mr. Pranab Kumar Barua
8. Mr.Satadal Barua
9. Mr. Milon Kumar Mutsuddi
10. Mrs. Rina Rani Talukdar
11. Engr. Sathi Priya Barua

ট্রাস্ট নিবন্ধন হওয়ার পর থেকে এই পর্যন্ত ৩ বার বিশেষ সাধারন সভা এবং ৩ বার এ্যাডমিনিস্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর সভা অনুষ্ঠিত হয় । প্রত্যেক সভার সার-সংক্ষেপ, সিদ্ধান্ত ও বাস্তবায়ন নিম্নে পেশ করা হল ।

ট্রাস্টের ১ম বিশেষ সাধারন সভা
স্থান ঃ স্কাই ভিউ রেষ্টুরেন্ট, তেজগাঁও, ঢাকা
তারিখ ঃ ২২/০৪/২০১০, সময় ঃ দুপুর ১.৩০ মি

ট্রাস্ট নিবন্ধন হওয়ার পর দুপুরে সম্মানিত অথর মি. হীরালাল বড়ুয়া, এফ সি এ এর সভাপতিত্বে ট্রাস্টের ১ম বিশেষ সাধারন সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় মোট ২০ জন সম্মানিত অথর ও ট্রাস্টি উপস্থিত ছিলেন ।

**(১) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - নবগঠিত ট্রাস্টের কার্যক্রম তাৎক্ষানিকভাবে চালু করার লক্ষ্যে সকল অথর ও ট্রাস্টিগণের সর্বসম্মতিক্রমে এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ গঠনের জন্য সম্মানিত অথর মি.রাখাল চন্দ্র বড়ুয়া, মি. বিমল কান্তি বড়ুয়া, মি. স্বপন বড়ুয়া চৌধুরী এবং মি. উদয়ন বড়ুয়ার সমন্বয়ে একটি সাবজেক্ট কমিটি গঠন করা হয় । উক্ত কমিটি সিলেকশনের ভিত্তিতে মি. উদয়ন বড়ুয়ার নেতৃত্বে ১২ সদস্য বিশিষ্ট একটি এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ গঠনের সুপারিশ করেন ।

উপস্থিত অথর ও ট্রাস্টিবৃন্দ সর্বসম্মতিক্রমে সাবজেক্ট কমিটি কর্তৃক সুপারিশকৃত এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ অনুমোদন করেন ।

এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর ১ম সভা
স্থান ঃ ২১৮ এ্যালিফেন্ট রোড, ঢাকা
তারিখ ঃ ০৮/০৫/২০১০, সময় ঃ বিকেল ৪টা ৩০মি

চেয়ারম্যান মি. উদয়ন বড়ুয়ার সভাপতিত্বে এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর ১ম সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় ৯ জন সদস্য উপস্থিত ছিলেন ।

**(১) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - সভার সিদ্ধান্ত মোতাবেক মতিঝিলস্থ এ.বি.ব্যাংকের প্রধান শাখায় ট্রাস্টের নামে হিসাব খুলে (যৌথ পরিচালনায়) প্রাপ্ত চেক/ড্রাফট জমা দিয়ে প্রাপ্ত অর্থ এফ, ডি, আর হিসাবে বিনিয়োগ করা হয়।

(২) **সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - দুস্থ রোগীদের চিকিৎসা সেবার লক্ষ্যে চট্টগ্রামে একটি স্বাস্থ্য সেবা প্রকল্প স্থাপন করা যায় কিনা তার একটি সমীক্ষা-প্রস্তাব করার জন্য ডাঃ কনক কান্তি বড়ুয়া এবং ডাঃ নীশি রঞ্জন তালুকদার নিয়ে উপ-কমিটি করা হয় ।

(৩) **সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - মি. রাখাল চন্দ্র বড়ুয়াকে ১ম সিনিয়র এ্যাডভাইজার করে ৫ সদস্য বিশিষ্ট একটি এ্যাডভাইজারী বোর্ড গঠন করা হয় ।

(৪) **সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - সার্টিফিকেট ও মানি রিসিট ছাপানোর প্রেক্ষিতে অধ্যাপিকা তৃপ্তি রাণী বড়ুয়া কর্তৃক আনীত সংশোধনী সভায় গৃহীত হয় এবং সে অনুযায়ী ছাপানোর সিদ্ধান্ত হয় । একই সাথে ট্রাস্টের একটি মনোগ্রামের ডিজাইন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্তও গৃহিত হয় ।

(৫) **সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - সভায় সম্মানিত অথর মি.হীরালাল বড়ুয়া, এফ সি এ অসুস্থা থাকা সত্বেও ট্রাস্ট গঠনের সূচনালগ্নে অংশগ্রহনসহ যথাযথ ভূমিকা রাখার জন্য তাঁর প্রতি বিশেষ ধন্যবাদ প্রস্তাব গ্রহন করা হয় এবং ২২/০৫/২০১০ তারিখে একটি প্রশংসাপত্র ~~জারী~~ প্রদান করা হয় । এরই প্রেক্ষিতে তিনিও ১৯/০৬/২০১০ পত্রের মাধ্যমে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

ট্রাস্টের ২য় বিশেষ সাধারন সভা
স্থান ঃ চট্টগ্রাম সিনিয়র্স ক্লাব, জামালখান, চট্টগ্রাম
তারিখ ঃ ১১/০৬/২০১০, সময় ঃ সকাল ১০.০০ মি

চেয়ারম্যান মি. উদয়ন বড়ুয়ার সভাপতিত্বে ট্রাস্টের বিশেষ সাধারন সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় ১৪ জন সদস্য উপস্থিত ছিলেন ।

(১) **সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - ট্রাস্টের ২০১০-২০১১ এর রাজস্ব বাজেট সংশোধীত আকারে অনুমোদিত হয় ।

(২) **সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - ট্রাস্টের তহবিল বৃদ্ধির লক্ষ্য চট্টগ্রামের বিশিষ্টজনদের নিয়ে সম্মানিত অথর মি.রূপম কিশোর বড়ুয়ার সৌজন্যে মধ্যাহ্ন ভোজনের পর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় ।

**(৩) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - মনোগ্রামের ডিজাইন ও সনদপত্রের খসড়া আরো উন্নত করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয় ।

এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর ২য় সভা
স্থান ঃ ৬৬/এ কদমতলা, ঢাকা
তারিখ ঃ ৩১/১২/২০১০, সময় ঃ সকাল ১০.০০টা

চেয়ারম্যান মি. উদয়ন বড়ুয়ার সভাপতিত্বে এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর ২য় সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় ৯ জন সদস্য উপস্থিত ছিলেন ।

**(১) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - স্বাস্থ্য সেবা প্রকল্প বিষয়ে ডাঃ নীশি রঞ্জন তালুকদার বলেন যে এই খাতে অনেক অর্থের প্রয়োজন বিধায় চিন্তা ভাবনা করে অগ্রসর হতে হবে

**(২) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - বডি অব এ্যাডভাইজারসের কাছে ১০/০৭/২০১০ তারিখে পত্রের মাধ্যমে ১০ জন ছেলেকে কারিগরী শিক্ষা দেওয়ার প্রকল্প গ্রহন করা যায় কিনা তার সুনির্দিষ্ট পরামর্শ আহ্বানের প্রেক্ষিতে উক্ত বডি ৩১/১২/২০১০ এর পত্রের মাধ্যমে কিছু সুনির্দিষ্ট প্রস্তাব দেন এবং ১,০০,০০০.০০ টাকা সহায়তা করবেন বলে অবহিত করেন । পরর্বতীতে প্রতিশ্রুত অর্থ ট্রাস্ট ফান্ডে জমা দেন ।

**(৩) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - সম্মানিত অথর মি. বিমল কান্তি বড়ুয়া সনদপত্রের কয়েকটি নমুনা পেশ করেন এবং অধ্যাপিকা তৃপ্তি রাণী বড়ুয়া কর্তৃক আংশিক সংশোধন করে একটি নির্দ্দিষ্ট নমুনা সভায় গৃহীত হয় । সংশোধিত সনদপত্রটি এ্যাডমিনিষ্ট্রেটিভ বোর্ডের কাছে বাস্তবায়নের জন্য পেশ করবেন ।

**(৪) সিদ্ধান্ত ও বাস্তবায়ন** - সম্মানিত ট্রাস্টি মি. জীবনানন্দ বড়ূয়া কে প্রধান করে চার সদস্য বিশিষ্ট একটি প্রকাশনা কমিটি করে “প্রান্তিক আপডেট” নামে একটি সাময়িকী প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয় । ইতিমধ্যে সাময়িকিটির ১০০০ কপি ছাপানো হয় এবং ট্রাস্টের সকল সদস্য সহ সমাজ সচেতন বিশিষ্ট জনের কাছে পাঠানো হয়েছে ।